**প্রফেসর ড. মোঃ মোজাম্মেল হক**
**উপাচার্য**
**হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়**
হবিগঞ্জ-৩৩০০, বাংলাদেশ
ফোন: +৮৮০২৯৯৬৬০৫১০০
মোবাইল: +৮৮০১৩৩২৮৩২৬৪৪
ই-মেইল: vc@hau.ac.bd; ওয়েবসাইট: www.hau.ac.bd

**Professor Dr. Md. Mozammel Hoque**
**Vice-Chancellor**
**Habiganj Agricultural University**
Habiganj-3300, Bangladesh
Phone: +8802996605100
Mobile: +8801332832644
e-mail: vc@hau.ac.bd; website: www.hau.ac.bd

তারিখঃ ১৮ আগস্ট ২০২৬

# অভিনন্দন বার্তা

অধ্যাপক ডা. ফরহাদ হালিম ডোনার
সদস্য, জাতীয় স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)

শ্রদ্ধেয় মহোদয়,

আসসালামু আলাইকুম। আপনার দীর্ঘ রাজনৈতিক অভিজ্ঞতা, প্রজ্ঞা, সাংগঠনিক দক্ষতা ও নেতৃত্বের প্রতি আস্থার স্বীকৃতিস্বরূপ জাতীয় স্থায়ী কমিটির মতো গুরুত্বপূর্ণ নীতিনির্ধারণী ফোরামে সদস্য হিসেবে আপনার অন্তর্ভুক্তিতে আমরা আনন্দিত ও গর্বিত। এ উপলক্ষে হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের পক্ষ থেকে এবং আমার নিজের পক্ষ থেকে আপনাকে জানাই আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।

একজন প্রথিতযশা চিকিৎসক, শিক্ষাবিদ ও গবেষক হিসেবে চিকিৎসা, শিক্ষা, গবেষণা, স্বাস্থ্যসেবা এবং মানবকল্যাণে আপনার দীর্ঘদিনের অবদান প্রশংসনীয়। দেশের একটি গুরুত্বপূর্ণ নীতিনির্ধারণী ফোরামে আপনার মতো একজন অভিজ্ঞ শিক্ষাবিদ ও পেশাজীবীর অন্তর্ভুক্তি শিক্ষা, স্বাস্থ্য, গবেষণা ও জনকল্যাণের ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রাখবে বলে আমরা আশাবাদী। হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও প্রাতিষ্ঠানিক অগ্রযাত্রায় ভবিষ্যতে আপনার মূল্যবান পরামর্শ ও সহযোগিতা কামনা করছি।

পরিশেষে, আপনার নতুন দায়িত্বে সর্বাঙ্গীণ সাফল্য, সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি। মহান আল্লাহ তায়ালা যেন আপনাকে অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের তাওফিক দান করেন এবং দেশ ও জনগণের কল্যাণে আপনার কর্মপ্রয়াসকে আরও ফলপ্রসূ করেন এই প্রার্থনা করি।

আপনার নতুন দায়িত্বের সফলতা ও সার্বিক মঙ্গল কামনায় আবারও জানাই আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।

শুভেচ্ছান্তে,

১৮/০৮/২০২৬

অধ্যাপক ড. মোঃ মোজাম্মেল হক
উপাচার্য
হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়